হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর
ফোনঃ ৮৮০-৫৩১-৫১১৩৫, Fax: ৮৮০-৫৩১-৬১৩১১, web: www.hstu.ac.bd

স্মারক নংঃ হাবিপ্রবি/সংস্থা./নি-১/২০০৪/৩৯৫১ তারিখঃ ২৩/০৬/২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহ পূরনের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নংঃ | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাবে-২০১৫), বিভাগ এবং পদসংখ্যা |
|---|---|
| ১. | **প্রভাষক (টাকা ২২০০০-৫৩০৬০), গ্রেড-৯ ঃ**<br>ক) ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-১ টি, খ) গণিত-১ টি, গ) পরিসংখ্যান-২ টি, ঘ) অর্থনীতি-১ টি ঙ) ফিন্যান্স এন্ড ব্যাংকিং-১ টি, চ) কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগ-১ টি<br>**শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স ঃ**<br>(১) **টেকনিক্যাল বিষয়/ডিগ্রীধারীদের ক্ষেত্রে ঃ** প্রার্থীর স্নাতক ডিগ্রী (৪ বছর মেয়াদি) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিভাগীয়/সমপর্যায়ভূক্ত বিষয়ে হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের যে কোন একটিতে ন্যূনতম ২য় বিভাগ/সমতুল্য গ্রেড এবং অন্য সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে। ১ম শ্রেণি/সমতুল্য গ্রেড প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন।<br>(২) **নন-টেকনিক্যাল বিষয়/ডিগ্রীধারীদের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিভাগীয়/ সমপর্যায়ভূক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে যে কোন একটিতে ন্যূনতম ২য় শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটি নূন্যতম দ্বিতীয় শ্রেণি/সমতুল্য গ্রেড থাকতে হবে। তবে, ৩(তিন) বছর মেয়াদি স্নাতক ডিগ্রীর ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণি/সমতুল্য গ্রেডের স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।<br>উপরোক্ত সকল পদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতির জন্য সিজিপিএ ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৪.০০ এবং সিজিপিএ ৪.০০ এ মধ্যে কমপক্ষে ৩.৫০ প্রথম শ্রেণির সমতুল্য বলে বিবেচিত হবে। সিজিপিএ ৫.০০ এ মধ্যে কমপক্ষে ৩.৫০ এবং সিজিপিএ ৪.০০ এ মধ্যে কমপক্ষে ৩.০০ দ্বিতীয় শ্রেণির সমতুল্য বলে বিবেচিত হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমতুল্য গ্রেড থাকা চলবে না। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ২. | **সেকশন অফিসার-১ টি (টাকা ২২০০০-৫৩০৬০), গ্রেড-৯ ঃ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ** প্রশাসনিক কর্মকর্তা/সমমান পদে (সংশ্লিষ্ট বিষয়ে) অন্যূন ০৩ (তিন) বছর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণির স্নাতক ডিগ্রিধারী হতে হবে অথবা স্নাতকোত্তর/ সমমানের (কৃষি বিজ্ঞান/মেডিকেল/ ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারী হতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৩. | **প্রশাসনিক কর্মকর্তা-১ টি (টাকা ১৬০০০-৩৮৬৪০), গ্রেড-১০ ঃ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ** সিনিয়র সহকারী/সমমানের পদে (সংশ্লিষ্ট বিষয়ে) অন্যূন ৩(তিন) বছর চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। অথবা স্নাতকোত্তর/সমমানের ডিগ্রীধারী হতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৪. | **জুনিয়র সহকারী-১ টি (টাকা ১১০০০-২৬৫৯০), গ্রেড-১৩ ঃ** (১) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। (২) বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে জুনিয়র ক্লার্ক/সমমানের পদে নূন্যতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (৩) কম্পিউটার অপারেটরে অবশ্যই দক্ষ হতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৫. | **জুনিয়র ক্লার্ক-১ টি (টাকা ৯৭০০-২৩৪৯০), গ্রেড-১৫ ঃ** (১) কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। (২) কম্পিউটার অপারেটরে দক্ষতা থাকতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৬. | **গাড়ী চালক-২ টি (টাকা ৯৭০০-২৩৪৯০), গ্রেড-১৫ ঃ** (১) কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। (২) বিভিন্ন প্রকার মোটর যান চালানের ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ হেভী/হালকা ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৭. | **ল্যাব এটেনডেন্ট-৪ টি (টাকা ৮৮০০-২১৩১০), গ্রেড-১৮ ঃ** এসএসসি (বিজ্ঞান) পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৮. | **নিরাপত্তা প্রহরী-২ টি (টাকা ৮৮০০-২১৩১০), গ্রেড-১৮ ঃ** কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। সুস্বাস্থ্যের অধিকারী, আনসার প্রশিক্ষণ ও অস্ত্র চালানোর প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ৯. | **ট্রাক্টর মেট-১ টি (টাকা ৮৮০০-২১৩১০), গ্রেড-১৮ ঃ** এসএসসি পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ১০. | **এনিমেল এটেনডেন্ট-১ টি (টাকা ৮৮০০-২১৩১০), গ্রেড-১৮ ঃ** এসএসসি পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ১১. | **পরিচ্ছন্নতা কর্মী-১ টি (টাকা ৮২৫০-২০০১০), গ্রেড-২০ ঃ** অষ্টম শ্রেণি পাশ হতে হবে। জাত মেথরের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ১২. | **সহকারী বাবুর্চি-১ টি (টাকা ৮২৫০-২০০১০), গ্রেড-২০ ঃ** এসএসসি পাশ হতে হবে। দেশি-বিদেশী রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ১৩. | **মালী-১ টি (টাকা ৮২৫০-২০০১০), গ্রেড-২০ ঃ** এসএসসি পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স সর্বোচ্চ ৩২ বছর। |

**শর্তাবলীঃ**

১) আগ্রহী প্রার্থীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা ওয়েবসাইট (www.hstu.ac.bd) হতে নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধনপত্র, পাসপোর্ট সাইজের ৪(চার)

কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপিসহ মোট ৮ (আট) সেট (মূল কপি-১ সেট এবং মূল কপির ফটোকপি ৭ সেট) আবেদনপত্র জমা দিতে হবে।

২) ১৬/০৭/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (আবেদনপত্রে উল্লেখ করতে হবে)।

৩) আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম, বিভাগ ও সংরক্ষিত কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে। ক্রমিক নং ১ থেকে ৩ পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা এবং ক্রমিক নং ৪ থেকে ১৩ পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা আবেদনপত্রের সাথে ***'রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর'*** এর বরাবর (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (রূপালী ব্যাংক লিঃ এ যে কোন শাখা থেকে) সংযোজন করতে হবে।

৪) আবেদনপত্র আগামী ১৬/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) অবশ্যই ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা ব্যক্তিগতভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে/জমা দিতে হবে।

৫) চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৬) মুক্তিযোদ্ধাসহ সরকারী বিধি মোতাবেক অন্যান্য সকল কোটা সংরক্ষিত করা হবে। এই ক্ষেত্রে আবেদনে উল্লেখসহ প্রয়োজনীয় প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৭) অসত্য তথ্যসম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮) এ প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরতগণ অগ্রাধিকার পাবেন এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স শিথিলযোগ্য হবে।

৯) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১) কোন পাবলিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ/সিজিপিএ ২.৫০ এর নীচে) গ্রহণযোগ্য হবে না।

১২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের (হাবিপ্রবি) সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩) কোন ধরনের তদবির/সুপারিশ/ভূল তথ্য প্রদান প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

বিঃ দ্রঃ পরীক্ষার বিস্তারিত সময়সূচী রেজিস্ট্রার শাখার নোটিশ বোর্ড অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.hstu.ac.bd) জানানো হবে।

স্বাক্ষরিত/-
**(প্রফেসর ড. মো. আবু হাসান)**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)